

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪০৫

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬) জামাআতে নামায আদায় করার প্রতি উদ্বুদ্ধ করন এবং ঐ ব্যক্তির বর্ণনা যে জামাআতে নামায পড়ার উদ্দেশ্যে বের হয়েছে কিন্তু গিয়ে দেখলো, লোকেরা নামায পড়ে ফেলেছে

الترغيب في صلاة الجماعة وما جاء فيمن خرج يريد الجماعة فوجد الناس قد صلوا

আরবী

(صحيح) وَعَنْه رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: " فَضْلُ صَلَاةِ الرَّجُلِ فِي الْجَمَاعَةِ عَلَى صَلَاتِهِ وَحْدَهُ، بِضْعٌ وَعِشْرُونَ دَرَجَةً " وفي رواية (صحيح) كُلُّهَا مِثْلُ صَلاتِهِ فِي بَيْتِهِ. رواه أحمد وأبو يعلى والبزار والطبراني وابن خزيمة

বাংলা

৪০৫. (সহীহ্) আবদুল্লাহ বিন মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "একাকি নামায পড়ার চাইতে জামাআতে নামায পড়া ২০ গুণের অধিক বেশী ছোয়াবের।" অপর বর্ণনায় বলা হয়েছেঃ "২০ গুণের প্রত্যেকটি নিজ বাড়ীতে নামায পড়ার অনুরূপ।"[1] (আহমদ ১/৩৭৬, বায্যার ৩৫৫, আবু ইয়া'লা, ত্বাবরানী ও ইবনে খু্যায়মা ২/৩৬৩)

ফুটনোট

[1] . অর্থাৎ নিজ বাড়ীতে ২০ বার নামায পড়লে যে ছোয়াব পাওয়া যাবে জামাআতের সাথে একবার পড়লে সেই ছোয়াব পাওয়া যাবে ৷- অনুবাদক

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন